



স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৭৩/২০১৩-২১৪

তারিখ: ০৯ চৈত্র ১৪২৬  
২৩ মার্চ ২০২০

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু আপনি জনাব মোঃ ওমর ফারুক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে বিদেশ ভ্রমণ (হজ লাইসেন্স নং-৭০১), ১২৬, মতিঝিল সি/এ, ঢাকা-১০০০ এর মালিক/মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং


০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণ বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে হজ অফিস, আশকোনা, ঢাকা হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর নিয়মিত অভিযোগ উত্থাপিত হয়েছে:

“বিদেশ ভ্রমণ (হ:লা নং-৭০১) ভিসা ও টিকেট সম্পন্ন না করেই হজক্যাম্পে হজযাত্রীদের নিয়ে আসা, হজক্যাম্পে ৮/১০ দিন অবস্থান করার পর তাঁদের ভিসা, টিকেট ও পাসপোর্ট প্রদান করা অথবা প্রদান না করে লাগাতা হয়ে যাওয়া। ফলে হজযাত্রীদের মধ্যে ভয়, অসন্তোষ এবং হজে গমনে অনিশ্চয়তা দেখা দেয়া”এবং

০৪। যেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৫। সেহেতু কেন আপনার পরিচালিত বিদেশ ভ্রমণ (হজ লাইসেন্স নং-৭০১) এর বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ এ বর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে আপনি নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৩.০৩.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২৮৫

e-mail: morahajsection@gmail.com


জনাব মোঃ ওমর ফারুক  
স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক  
বিদেশ ভ্রমণ (হজ লাইসেন্স নং-৭০১)  
১২৬, মতিঝিল সি/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৭৩/২০১৩-২১৪

তারিখ: ২৩.০৩.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৮. অফিস কপি।

  
২৩.০৩.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
সিনিয়র সহকারী সচিব